ISO 9001 : 2015

# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

'বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে'

স্থাপিত - ১৯৮৪

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০০০.০৫.০০০১.২৫/১৩৮ তারিখ: ১৭.০৯.২০২৫ খ্রি.

## সরকারিভাবে ইরাকে-এ পুরুষ কর্মী নিয়োগ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারিভাবে ইরাকস্থ পাঁচ তারকা হোটেল নির্মাণ কাজে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। প্রার্থীদের চাকরির সাক্ষাৎকার আগামী ১৯ ও ২০ সেপ্টেম্বর গ্রহণ করা হবে। আবেদনকৃত প্রার্থীদের চাকরির সাক্ষাৎকারের তারিখ বোয়েসেল থেকে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে:

| ক্র. নং | পদের নাম | সংখ্যা | বেতন (ইউএসডি) | বয়স | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | Tile Mason | 75 | $350/- | ২১-৩৫ বছরের মধ্যে হতে হবে। | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চ বেতন নির্ধারণ করা হবে। |
| ২. | Gypsum Board Worker | 75 | $350/- | | |
| ৩. | Painter | 75 | $350/- | | |
| ৪. | Electrician (Cable Glanding, DB Dressing, Tray and Tranking Fabrication, LV Panel Installation) | 100 | $350/- | | |

### নির্ধারিত অনলাইন আবেদন লিংক: brms.boesl.gov.bd

**চাকরির শর্তাবলী:**

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কোম্পানি বহন করবে;
- বিমান ভাড়া: কর্মীকে বহন করতে হবে;
- ওভারটাইম, মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ইরাক-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য শর্তাবলী:**

- **আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংকে আগামী ১৮.০৯.২০২৫ তারিখ বিকাল ৫ টার মধ্যে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। গত ১৮ আগস্ট ২০২৫ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় এ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।**
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে;
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করে প্রাথমিকভাবে চাকরির সাক্ষাৎকারের জন্য তালিকা প্রস্তুত করে নিয়োগকর্তা কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- সাক্ষাৎকারের সময় প্রার্থীর মূল পাসপোর্ট ইংরেজি জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- অনলাইনে আবেদন, চাকরির সাক্ষাৎকার এবং চূড়ান্ত নির্বাচন কোন প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুনরায় বিদেশ গমণে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে;
- **ইংরেজী ও আরবী ভাষায় পারদর্শী প্রার্থীগণ নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।**

**বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ:** নিয়োগকর্তা কর্তৃক নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ (দক্ষ কর্মীদের জন্য ৫৬,৩৫০/- ও স্বল্প দক্ষদের জন্য ৪৪,৮৫০/-) এবং নিয়োগকর্তার চাহিদানুযায়ী জামানত পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে।

**জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮।**

**বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**